10

**ভোরের কাগজ**

তারিখ ... JUL ২২ ১৯৯৯ ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৬ ......

# চট্টগ্রামে স্কুলছাত্রী অপহৃত, মুক্তিপণ দাবি ☐ গ্রেপ্তার ১

## আরেক স্কুল শিশু নিখোঁজ

**চট্টগ্রাম অফিস :** নগরীর রহমতগঞ্জ এলাকা থেকে এক স্কুল ছাত্রীকে অপহরণ করা হয়েছে। এ ছাড়া পাঁচলাইশ আবাসিক এলাকা থেকে আরেক স্কুল ছাত্র রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে গেছে।

পুলিশ জানায়, গত ১৭ জুলাই রহমতগঞ্জ কুসুম কুমারী স্কুলের ষষ্ঠ শ্রেণীর ছাত্রী এ্যানি আক্তার রোজী স্কুল ছুটির পর বাসায় ফেরার পথে বেবিট্যাক্সি আরোহী একদল দুষ্কৃতকারী তাকে অপহরণ করে। রোজীর মুক্তির জন্য ৫০ হাজার টাকা দাবি করা হয়েছে। চকবাজার বৌ-বাজার এলাকার মোস্তফা কামালের কন্যা রোজীর কোনো সন্ধান এখন পর্যন্ত পাওয়া যায়নি। এ ব্যাপারে কোতোয়ালি থানা পুলিশ রোজীর মুক্তিপণ দাবিকারী জনৈক নাহিদসহ তিনজনকে গ্রেপ্তার করেছে।

এদিকে এলিমেন্টারি স্কুলের তৃতীয় শ্রেণীর ছাত্র চৌধুরী তৌকির গালিব গতকাল সকালে নাসিরাবাদস্থ বাসার সামনে থেকে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যায়। সে শামসুল আলম চৌধুরীর কনিষ্ঠ পুত্র। গালিবকে অপহরণ করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।